



## প্রেস বিজ্ঞপ্তি

শিক্ষার্থীদের সাথে নিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সৌন্দর্যবর্ধন কার্যক্রম পরিদর্শন করলেন  
উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৩ মার্চ ২০২৪খ্রিঃ

শিক্ষার্থীদের সাথে নিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সৌন্দর্যবর্ধন কার্যক্রম পরিদর্শন করেছেন উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। উপাচার্য হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ে যোগদানের পরপরই তিনি ক্যাম্পাসের সৌন্দর্যবর্ধনের প্রতি জোর দেন এবং এ লক্ষ্যে তিনি নানা উদ্যোগ গ্রহণ করেন। এরই ধারাবাহিকতায় বর্তমানে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সৌন্দর্যবর্ধনে বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। অদ্য ১৩ মার্চ ২০২৪ তারিখ দুপুর ১২ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন ১ এর সম্মুখে এরকম একটি প্রকল্প পরিদর্শন করেন উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। পরিদর্শন শেষে উপাচার্য মহোদয় এ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, পরিচ্ছন্ন ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ বিকশিত হয়। ক্যাম্পাস যদি অপরিচ্ছন্ন হয়, অসুন্দর হয় সেখানে শিক্ষার পরিবেশ বিঘ্নিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ বজায় রাখার জন্য যা যা করার আমি তা করব। আমার লক্ষ্য হচ্ছে বরিশাল বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নেয়া। এসময় উপাচার্য মহোদয়ের সাথে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক সমিতির সভাপতি, বিভাগীয় প্রধান, প্রভোস্ট, প্রক্টরসহ শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়